



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি-১৭০ (ক-৩)/২০০৬/৮-৭৬/৬

তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: কারণ দর্শানো।

- সূত্র: ১. তদন্ত প্রতিবেদনের স্মারক নং-কসমক. ০২.২০২৩-৮০৭০; তারিখ: ২৪/০৮/২০২৩খ্রি.
২. মাউশির স্মারক নং-৭জি/১৭০/(ক-৩)/২০০৬/৩৭৯৮/৭; তারিখ: ১৯/০৭/২০২৩খ্রি.
৩. অভিযোগকারীর ১৬.০২.২০২৩খ্রি, তারিখের আবেদন;
৪. কারণ দর্শানোর জবাবের স্মারক নং-বক-২৮/২০২৩; তারিখ: ২৫/০৯/২০২৩খ্রি.
৫. মাউশির স্মারক নং-৭জি/১৭০/(ক-৩)/২০০৬/৬২৪১/৭; তারিখ: ২৮/১২/২০২৩খ্রি.
৬. মাউশি অধিদপ্তরের স্মারক নং-৭জি/১৭০/(ক-৩)/২০০৬/৮৩০/৯; তারিখ: ০৭/০৩/২০২৪খ্রি.
৭. শুনানীতে আত্মপক্ষ সমর্থন-বক-১৪/২০২৪; তারিখ: ১৩/০৩/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন বদরখালী ডিগ্রি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে নিয়োগ প্রক্রিয়া বিধিবিহীনভূত, জাল-জালিয়াতির মাধ্যমে এমপিওভুক্ত ও বিভিন্ন মামলার আসামী অধ্যক্ষ মোহাম্মদ মুজিবুর রহমান-কে স্বপদ থেকে দূত প্রত্যাহারপূর্বক তার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে অধ্যক্ষের নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন তথ্যের জন্য গত ১৩.০৩.২০২৪খ্রি. তারিখে শুনানী গ্রহণ করা হয়। শুনানী শেষে শুনানী কমিটি নিম্নোক্ত বিষয়ে সুপারিশ পেশ করে:

প্রাপ্ত বক্তব্য (লিখিত ও মৌখিক), প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে বদরখালী ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোহাম্মদ মুজিবুর রহমান-এর বিষয়ে শুনানী কমিটির সুপারিশ নিম্নরূপঃ

- ১। মহামান্য হাই কোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৭১০/২০২১ এবং জি.আর মামলা নং-৪৬৮/২০২১ (চকরিয়া) চলমান থাকা অবস্থায় অর্থাৎ মামলার তথ্য গোপন করে জনাব মোহাম্মদ মুজিবুর রহমান অধ্যক্ষ পদে এমপিওভুক্ত হওয়ার বিষয়টি প্রমাণিত।
২। জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-১৯৯৫ অনুযায়ী কাম্য অভিজ্ঞতা ব্যতীত কক্সবাজার জেলাস্থ মহেশখালী উপজেলাধীন আলমগীর ফরিদ টেকনিক্যাল এন্ড বিএম কলেজে অধ্যক্ষ হিসেবে যোগদান করার বিষয়টি প্রমাণিত।
৩। তিনি ২০০৭ সালে অধ্যক্ষ হিসেবে নিয়োগ পাওয়ার পরেও ২০০৭ থেকে ২০১১ সাল পর্যন্ত প্রভাষক পর্যায়ের ০৯ গ্রেডে বেতন গ্রহণ করেছেন এবং ০১/০৩/২০১১খ্রি. তারিখ থেকে ১৯/০১/২০২০খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৮ বছর ১০ মাস ১৯ দিন ৬ষ্ঠ গ্রেডে বেতন উত্তোলন করেছেন যা বিধি সম্মত হয়নি।
৪। জি.আর মামলা নং-৪৬৮/২০২১ (চকরিয়া) এর প্রেক্ষিতে গ্রেফতার হয়ে অধ্যক্ষ জনাব মোহাম্মদ মুজিবুর রহমান ১৫ (পনের) দিন জেল হাজতে থাকলেও তিনি সাময়িক বরখাস্ত হননি যা বিধি সম্মত হয়নি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে শুনানী কমিটির উপর্যুক্ত সুপারিশের প্রেক্ষিতে আপনার (অধ্যক্ষ, জনাব মোহাম্মদ মুজিবুর রহমান) এমপিও স্থগিতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭

জনাব মোহাম্মদ মুজিবুর রহমান

অধ্যক্ষ

বদরখালী ডিগ্রি কলেজ, চকরিয়া, কক্সবাজার।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম;
০২. সভাপতি, পরিচালনা পরিষদ, বদরখালী ডিগ্রি কলেজ, চকরিয়া, কক্সবাজার (০৩ কর্মদিবসের মধ্যে মতামত প্রদানের অনুরোধসহ);
০৩. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ);
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
০৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া, কক্সবাজার (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ);
০৬. সংরক্ষণ নথি।